দালায়েলুল খায়রাত

বাংলাদেশ তাজ কোম্পানী লিঃ
বাংলাবাজার, ঢাকা - ১১০০

দালায়েলুল খায়রাত

মূল

হযরতুল আল্লামা আবূ আবদুল্লাহ মোহাম্মাদ ইবনে
সুলায়মান যাজুলী (রহঃ)

অনুবাদ

মাওলানা মুফতী আহমদ ছৈয়দ আল-কাওছার
ফাজেলে জামেয়া ইসলামিয়া পটিয়া ও
পরিচালক, সরল ইসলামিয়া আনোয়ারুল উলুম মাদ্রাসা, চট্টগ্রাম

বাংলাদেশ তাজ কোম্পানী লিমিটেড
৬, প্যারীদাশ রোড
বাংলাবাজার ঢাকা-১১০০

প্রকাশক
আলহাজ্ব গিয়াস উদ্দীন ভূঁইয়া
বাংলাদেশ তাজ কোম্পানী লিমিটেড
৬, প্যারীদাশ রোড
বাংলাবাজার ঢাকা-১১০০

প্রকাশকাল ঃ ফেব্রুয়ারী ২০১১ ইং

কম্পিউটার কম্পোজ
এফ এফ কম্পিউটার
বাংলাবাজার ঢাকা

হাদীয়া ঃ ২০০.০০ টাকামাত্র

মুদ্রণে
দি আদর্শ ছাপাখানা
৫৬, প্যারীদাশ রোড
বাংলাবাজার ঢাকা-১১০০

অনুবাদকের আরজ

মহান আল্লাহ তায়ালার অসংখ্য শোকরীয়া আদায় করিতেছি যে, তিনি দয়া করিয়া আমাকে পৃথিবী বিখ্যাত দুরুদ শরীফের কিতাব দালায়েলুল খায়রাত অনুবাদ করার সুমহান তাওফিক দান করিয়াছেন।

মানুষের জীবনের সৌভাগ্য আসে শুধুমাত্র মহান আল্লাহ তায়ালার রেজামন্দি অর্জন করিবার মাধ্যমে। আর মহান আল্লাহ তায়ালার রেজামন্দি অর্জন করিবার একমাত্র মাধ্যম হল মহানবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণের মাধ্যমে। আর তিনি খুশি হন তাঁহার উম্মত যখন তাঁহার উপর বেশি করিয়া ভক্তি-শ্রদ্ধা নিবেদন পূর্ব্বক দুরুদ শরীফ পাঠ করে তখন।

দালায়েলুল খায়রাত কিতাবে প্রিয়নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর যেভাবে দুরুদ ও সালাম পেশ করা হইয়াছে উহার উপমা বিরল। তাই এই কিতাবের বরকত বর্ণনাতীত এবং উহার ফজীলত কল্পনার বাহিরে।

আমরা এই কিতাবখানা বাংলা ভাষাভাষি মুসলমান ভাই-বোনদের খিদমতে তুলে ধরলাম। আশা করি এই কিতাবখানা পাঠ করিবার মাধ্যমে আশেকে রাসূলগণ তাহাদের কাঙ্খিত লক্ষে পৌছুতে পারিবেন।

মহান আল্লাহ তায়ালা আমাদিগকে দালায়েলুল খায়রাত নামক বিখ্যাত কিতাবখানা পাঠ করিয়া তাঁহার হাবীব হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীদার লাভ করিবার সুমহান তাওফিক দান করুন আমীন।

প্রকাশকের কথা

বহুদিনের আশা ছিল দালায়েলুল খায়রাত নামক বিখ্যাত কিতাবখানা বাংলা ভাষায় প্রকাশ করিয়া বাংলা ভাষাভাষি মুসলমান ভাই-বোনদের খিদমতে পেশ করার। আল্লাহ তায়ালা আমাদের সেই আশা পূরণ করিয়াছেন, সেজন্যে তাঁহার দরবারে জানাই লক্ষ-কোটি শোকরীয়া- আলহামদুলিল্লাহ!

দুরুদ শরীফ এমন একটি আমল যাহার কবূলিয়তের ব্যাপারে কোন সন্দেহ নাই। সর্বোপরি অন্যান্য আমল গৃহীত হওয়ার একমাত্র মাধ্যম হইল দুরুদ শরীফ। কারণ দুরুদ শরীফ যতক্ষণ পর্যন্ত পাঠ করা না হয় ততক্ষণ পর্যন্ত অন্য কোন আমলই মহান আল্লাহর দরবারে পৌছায় না। বুযুর্গী এবং কামালিয়ত লাভ করিবার একমাত্র মাধ্যম হইল হযরত রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর বেশি বেশি করিয়া দুরুদ শরীফ পাঠ করা।

দালায়েলুল খায়রাতের লিখক একবার অজু করিবার জন্য পানির তালাশ করিতেছিলেন কিন্তু পানি পাইতেছিলেন না। হঠাৎ তাঁহার নজরে পড়িল একটি কূপ। তিনি কুপের নিকটে গেলেন কিন্তু তাঁহার নিকট পানি উঠানোর মতো বালতি ছিল না। এহেন পরিস্থিতিতে তিনি নিরাশ হয়ে পড়িয়াছিলেন। এমন সময় একটি বালিকা তাঁহার নিকটে আসিল এবং তাঁহার অবস্থা জানিয়া কুপের ভিতর তাহার মুখ হইতে সামান্য থুথু নিক্ষেপ করিল, ফলে সাথে সাথে কুপের পানি উপরে উঠিয়া আসিল। তাহা দেখিয়া তিনি হতবাক হইয়া গেলেন। অজু করিবার পর তিনি মেয়েটির কাছে জানিতে চাহিলেন তাহার এই কামালিয়াত কিভাবে অর্জন হইল? মেয়েটি দুরুদ শরীফের আমলের কথা তাঁহাকে জানাইল। মেয়েটির কথা শুনিয়া তিনি দুরুদ শরীফের উপর আমল করিতে লাগিলেন এবং দুরুদ শরীফের একটি সংকলন তিনি তৈরী করিলেন। তাঁহার সংকলিত সেই কিতাবটিই দালায়েলুল খায়রাত নামক দুরুদ শরীফের বিখ্যাত কিতাব। যাহা সারা পৃথিবীর আশেকে রাসূলগণের নিকট সমাদৃত।

আল্লাহ পাক দালায়েলুল খায়রাত কিতাবখানা পাঠ করিবার মাধ্যমে আমাদিগকে হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীদার নসীব করুন। আমীন।

বিনীত প্রকাশক

সূচিপত্র

সূচিপত্র

দালায়েলুল খায়রাত

اَلْاَسْمَاءُ اللّٰهِ الْحُسْنٰى

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَللّٰهُ جَلَّ جَلَالُهٗ، اَلرَّحْمٰنُ جَلَّ جَلَالُهٗ، اَلرَّحِيْمُ جَلَّ
جَلَالُهٗ، اَلْمَلِكُ جَلَّ جَلَالُهٗ، اَلْقُدُّوْسُ جَلَّ جَلَالُهٗ، اَلسَّلَامُ
جَلَّ جَلَالُهٗ، اَلْمُؤْمِنُ جَلَّ جَلَالُهٗ، اَلْمُهَيْمِنُ جَلَّ جَلَالُهٗ،
اَلْعَزِيْزُ جَلَّ جَلَالُهٗ، اَلْجَبَّارُ جَلَّ جَلَالُهٗ، اَلْمُتَكَبِّرُ جَلَّ جَلَا
لُهٗ، اَلْخَالِقُ جَلَّ جَلَالُهٗ، اَلْبَارِئُ جَلَّ جَلَالُهٗ، اَلْمُصَوِّرُ
جَلَّ جَلَالُهٗ، اَلْغَفَّارُ جَلَّ جَلَالُهٗ، اَلْقَهَّارُ جَلَّ جَلَالُهٗ،
اَلْوَهَّابُ جَلَّ جَلَالُهٗ، اَلرَّزَّاقُ جَلَّ جَلَالُهٗ، اَلْفَتَّاحُ جَلَّ جَلَا
لُهٗ، اَلْعَلِيْمُ جَلَّ جَلَالُهٗ، اَلْقَابِضُ جَلَّ جَلَالُهٗ، اَلْبَاسِطُ جَلَّ
جَلَالُهٗ، اَلْخَافِضُ جَلَّ جَلَالُهٗ، اَلرَّافِعُ جَلَّ جَلَالُهٗ، اَلْمُعِزُّ
جَلَّ جَلَالُهٗ، اَلْمُذِلُّ جَلَّ جَلَالُهٗ، اَلسَّمِيْعُ جَلَّ جَلَالُهٗ،
اَلْبَصِيْرُ جَلَّ جَلَالُهٗ، اَلْحَكَمُ جَلَّ جَلَالُهٗ، اَلْعَدْلُ جَلَّ جَلَالُهٗ،
اَللَّطِيْفُ جَلَّ جَلَالُهٗ، اَلْخَبِيْرُ جَلَّ جَلَالُهٗ، اَلْحَلِيْمُ جَلَّ
جَلَالُهٗ، اَلْعَظِيْمُ جَلَّ جَلَالُهٗ، اَلْغَفُوْرُ جَلَّ جَلَالُهٗ،
اَلشَّكُوْرُ جَلَّ جَلَالُهٗ، اَلْعَلِيُّ جَلَّ جَلَالُهٗ، اَلْكَبِيْرُ جَلَّ جَلَالُهٗ،

الْحَفِيْظُ جَلَّ جَلَالُهُ، الْمُقِيْتُ جَلَّ جَلَالُهُ، الْحَسِيْبُ جَلَّ
جَلَالُهُ، الْجَلِيْلُ جَلَّ جَلَالُهُ، الْكَرِيْمُ جَلَّ جَلَالُهُ، الرَّقِيْبُ
جَلَّ جَلَالُهُ، الْمُجِيْبُ جَلَّ جَلَالُهُ، الْوَاسِعُ جَلَّ جَلَالُهُ،
الْحَكِيْمُ جَلَّ جَلَالُهُ، الْوَدُوْدُ جَلَّ جَلَالُهُ، الْمَجِيْدُ جَلَّ
جَلَالُهُ، الْبَاعِثُ جَلَّ جَلَالُهُ، الشَّهِيْدُ جَلَّ جَلَالُهُ، الْحَقُّ جَلَّ
جَلَالُهُ، الْوَكِيْلُ جَلَّ جَلَالُهُ، الْقَوِيُّ جَلَّ جَلَالُهُ، الْمَتِيْنُ
جَلَّ جَلَالُهُ، الْوَلِيُّ جَلَّ جَلَالُهُ، الْحَمِيْدُ جَلَّ جَلَالُهُ،
الْمُحْصِيْ جَلَّ جَلَالُهُ، الْمُبْدِئُ جَلَّ جَلَالُهُ، الْمُعِيْدُ جَلَّ
جَلَالُهُ، الْمُحْيِيْ جَلَّ جَلَالُهُ، الْمُمِيْتُ جَلَّ جَلَالُهُ، الْحَيُّ
جَلَّ جَلَالُهُ، الْقَيُّوْمُ جَلَّ جَلَالُهُ، الْوَاجِدُ جَلَّ جَلَالُهُ،
الْمَاجِدُ جَلَّ جَلَالُهُ، الْوَاحِدُ جَلَّ جَلَالُهُ، الْاَحَدُ جَلَّ جَلَالُهُ،
الصَّمَدُ جَلَّ جَلَالُهُ، الْقَادِرُ جَلَّ جَلَالُهُ، الْمُقْتَدِرُ جَلَّ
جَلَالُهُ، الْمُقَدِّمُ جَلَّ جَلَالُهُ، الْمُؤَخِّرُ جَلَّ جَلَالُهُ، الْاَوَّلُ
جَلَّ جَلَالُهُ، الْاٰخِرُ جَلَّ جَلَالُهُ، الظَّاهِرُ جَلَّ جَلَالُهُ، الْبَاطِنُ
جَلَّ جَلَالُهُ، الْوَالِيْ جَلَّ جَلَالُهُ، الْمُتَعَالِيْ جَلَّ جَلَالُهُ،
الْبَرُّ جَلَّ جَلَالُهُ، التَّوَّابُ جَلَّ جَلَالُهُ، الْمُنْتَقِمُ جَلَّ
جَلَالُهُ، الْعَفُوُّ جَلَّ جَلَالُهُ، الرَّءُوْفُ جَلَّ جَلَالُهُ، مَالِكُ
الْمُلْكِ جَلَّ جَلَالُهُ، ذُو الْجَلَالِ وَالْاِكْرَامِ جَلَّ جَلَالُهُ،
الْمُقْسِطُ جَلَّ جَلَالُهُ، الْجَامِعُ جَلَّ جَلَالُهُ، الْغَنِيُّ جَلَّ

جَلَالُهُ، الْمُغْنِيْ جَلَّ جَلَالُهُ، الْمُعْطِيْ جَلَّ جَلَالُهُ،
الْمَانِعُ جَلَّ جَلَالُهُ، الضَّارُّ جَلَّ جَلَالُهُ، النَّافِعُ جَلَّ جَلَالُهُ،
النُّوْرُ جَلَّ جَلَالُهُ، الْهَادِيْ جَلَّ جَلَالُهُ، الْبَدِيْعُ جَلَّ جَلَالُهُ،
الْبَاقِيْ جَلَّ جَلَالُهُ، الْوَارِثُ جَلَّ جَلَالُهُ، الرَّشِيْدُ جَلَّ
جَلَالُهُ، الصَّبُوْرُ جَلَّ جَلَالُهُ.

উচ্চারণ ঃ আল্লাহু জাল্লাজালালুহু। আর-রাহমানু জাল্লাজালালুহু। আর-রাহীমু জাল্লাজালালুহু। আল-মালিকু জাল্লাজালালুহু। আল-কুদ্দূসু জাল্লাজালালুহু। আস-সালামু জাল্লাজালালুহু। আল-মু'মিনু জাল্লাজালালুহু। আল-মুহাইমিনু জাল্লাজালালুহু। আল- আ'যীযু জাল্লাজালালুহু। আল- জাব্বারু জাল্লাজালালুহু। আল- মুতাকাব্বিরু জাল্লাজালালুহু। আল- খালিকু জাল্লাজালালুহু। আল- বা-রিউ জাল্লাজালালুহু। আল- মুছাওয়িরু জাল্লাজালালুহু ।আল- গাফফারু জাল্লাজালালুহু। আল- ক্বাহহারু জাল্লাজালালুহু। আল- ওয়াহহাবু জাল্লাজালালুহু। আল-রাযযাকু জাল্লাজালালুহু। আল- ফাত্তাহু জাল্লাজালালুহু। আল- আ'লীমু জাল্লাজালালুহু। আল- ক্বাবিদ্বু জাল্লাজালালুহু। আল- বা-সিতু জাল্লাজালালুহু। আল- খাফিদ্বু জাল্লাজালালুহু। আল- রা-ফিউ জাল্লাজালালুহু। আল- মু'ইযযু জাল্লাজালালুহু। আল- মুযিল্লু জাল্লাজালালুহু। আস- সামীউ' জাল্লাজালালুহু। আল- বাছীরু জাল্লাজালালুহু আল- হাকামু জাল্লাজালালুহু। আল-আ'দলু জাল্লাজালালুহু। আল-লাত্বীফু জাল্লাজালালুহু ।আল-খাবীরু জাল্লাজালালুহু। আল-হালীমু জাল্লাজালালুহু। আল-আ'যীমু জাল্লাজালালুহু। আল-গাফূরু জাল্লাজালালুহু। আশ-শাকূরু জাল্লাজালালুহু। আল-আ'লিয়্যু জাল্লাজালালুহু। আল-কাবীরু জাল্লাজালালুহু। আল- হাফীযু জাল্লাজালালুহু। আল-মুক্বীতু জাল্লাজালালুহু। আল-হাসীবু জাল্লাজালালুহু। আল-জালীলু জাল্লাজালালুহু। আল-কারীমু জাল্লাজালালুহু। আল-রাক্বীবু জাল্লাজালালুহু। আল-মুজীবু জাল্লাজালালুহু। আল-ওয়াসিউ' জাল্লাজালালুহু। আল-হাকীমু জাল্লাজালালুহু। আল-ওয়াদূদু জাল্লাজালালুহু। আল-মাজীদু জাল্লাজালালুহু। আল-বা-ই'ছু জাল্লাজালালুহু। আশ-শাহীদু জাল্লাজালালুহু। আল-হাক্কু জাল্লাজালালুহু। আল-ওয়াকীলু জাল্লাজালালুহু। আল-ক্বায়িয়্যু জাল্লাজালালুহু। আল-মাতীনু জাল্লাজালালুহু। আল-

ওয়ালিয়্যু জাল্লাজালালুহ। আল- হামীদু জাল্লাজালালুহ। আল-মুহছিউ জাল্লাজালালুহ। আল-মুবদিউ জাল্লাজালালুহ। আল-মুঈদু জাল্লাজালালুহ। আল-মুহয়িউ জাল্লাজালালুহ। আল-মুমীতু জাল্লাজালালুহ। আল-হাইয়্যু জাল্লাজালালুহ। আল-ক্বাইয়্যুমু জাল্লাজালালুহ। আল- ওয়া-জিদু জাল্লাজালালুহ। আল-মা-জিদু জাল্লাজালাহু। আল-ওয়াহিদুল আহাদি জাল্লাজালালুহ। আস-সামাদু জাল্লাজালালুহ। আল-ক্বা-দিরু জাল্লাজালালুহ। আল-মুক্বতাদিরু জাল্লাজালালুহ। আল-মুক্বাদ্দিমু জাল্লাজালালুহ। আল-মুআখখিরু জাল্লাজালালুহ। আলা- আউয়ালু জাল্লাজালালুহ। আল- আখিরু জাল্লাজালালুহ। আল-যোহাহিরু জাল্লাজালালুহ। আল-বা-ত্বিনু জাল্লাজালালুহ। আল- ওয়ালিয়্যু জাল্লাজালালুহ। আল- মুতাআলিউ জাল্লাজালালুহ। আল- বাররু জাল্লাজালালুহ। আত-তাওয়্যাবু জাল্লাজালালুহ। আল-মুনতাক্বিমু জাল্লাজালালুহ। আল-আফুয়্যুন জাল্লাজালালুহ। আর-রাউফু জাল্লাজালালুহ। আল-মা-লিকুল মুলকি জাল্লাজালালুহ। আল-যাল্দজালালি ওয়াল ইকরামি জাল্লাজালালুহ। আল- মুক্বসিত্বু জাল্লাজালালুহ। আল- জা-মিউ' জাল্লাজালালুহ। আল-মুগনিউ জাল্লাজালালুহ। আল- মা-নিউ' জাল্লাজালালুহ। আদ্ব-দ্বোয়াররু জাল্লাজালালুহ। আন-নাফিউ' জাল্লাজালালুহ। আল-নূরু জাল্লাজালালুহ। আল-হা-দিউ জাল্লাজালালুহ। আল-বাদীউ' জাল্লাজালালুহ। আল-বা-ক্বিউ জাল্লাজালালুহ। আল-ওয়া-রিছু জাল্লাজালালুহ। আর-রাশীদু জাল্লাজালালুহ। আস-ছাবূরু জাল্লাজালালুহ।

অর্থ ঃ (১) ইয়া আল্লাহু। হে আল্লাহ। হযরত রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করিয়াছেন- (আফদ্বালুয যিকরি যিকরুল্লাহ) অর্থাৎ সকল যিকির হইতে মহান আল্লাহ পাকের নামের যিকিরই উত্তম। মহান আল্লাহ তায়ালার এই নামখানা দৈনিক একশতবার পাঠ করিলে মনের সকল দ্বিধাদ্বন্দ্বের অবসান হয় এবং ঈমান মজবুত হয়।

ইহা ব্যতীত এই নামটির আরও অনেক গুণ রহিয়াছে। অসুখ ভালো হয় না এমন রোগী যদি ইয়া আল্লাহু অধিকবার পাঠ করিয়া, এই নাম নিয়া মহান আল্লাহর দরবারে রোগমুক্তির জন্য দোয়া করে, তাহা হইলে সেই রোগী সুস্থ হইয়া উঠিবে।

(২) ইয়া রাহমানু। হে করুণার আধার। প্রত্যেক নামাযের পর ইয়া রাহমানু একশত বার পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার রহমতে মনের কঠোরতা ও জড়তা দূর হইয়া যায়।

(৩) ইয়া রাহীমু। হে পরম দয়ালু। প্রতি নামাযের পর ইয়া রাহীমু একশতবার করিয়া পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় দুনিয়াবি জগতের বিপদাপদ হইতে নিরাপদ থাকা যায় এবং আল্লাহর সকল সৃষ্টির ভালোবাসা লাভ করা যায়।

(৪) ইয়া মালিকু। হে আসল বাদশাহ। ফজরের নামাযের পর এবং সূর্যাস্তের সময় অনেকবার ইয়া মালিকু পাঠ করিতে থাকিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় অভাবমুক্ত হইয়া যায়।

(৫) ইয়া কুদ্দুসু। হে অতি পবিত্র। সূর্য পশ্চিম আকাশে ঢলিয়া পড়িবার সময় অর্থাৎ দিনের বারোটার পর হইতে অনেকবার এই নাম পড়িলে রুহানী বা আত্মাগত রোগ হইতে মুক্ত থাকা যায়।

(৬) ইয়া সালামু। হে মহা শান্তিদাতা। অধিকবার এই নাম পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় সকল বিপদাপদ হইতে মুক্ত থাকা যায়। আর এই নাম ১১৫ বার পড়িয়া রোগীর উপর দম করিলে মহান আল্লাহ তায়ালা রোগীকে সুস্থ করিয়া তুলিবেন।

(৭) ইয়া মু'মিনু। হে নিরাপত্তা ও ঈমানদাতা। ভয়ের সময় এই নাম ৬৩০ বার পড়িলে মহান আল্লাহর ইচ্ছায় ভয় কাটিয়া যাইবে এবং ক্ষতি হইতে নিরাপদ থাকিবে। আর যদি এই নাম নিয়মিত পাঠ করে অথবা লিখিয়া রাখে, তাহা হইলে সে মহান আল্লাহর হেফাজতে থাকিবে।

(৮) ইয়া মুহাইমিনু। হে রক্ষক। গোসল করিয়া দুই রাকাত নামায পড়িয়া নির্জন স্থানে বসিয়া এই নাম একশত বার পড়িলে সাহস বৃদ্ধি পাইবে।

(৯) ইয়া আ'যীযু। হে সর্বজয়ী। চল্লিশ দিন পর্যন্ত এই নাম নিয়মিতভাবে ৩১বার পড়িলে মহান আল্লাহার ইচ্ছায় অভাব দূর হইয়া যাইবে এবং সম্মান বৃদ্ধি পাইবে এবং অন্যের মুখাপেক্ষী হইতে হইবে না।

(১০) ইয়া জাব্বারু। হে মহা পরাক্রমশালী। সকাল-বিকাল এই নাম ২১৬ বার পড়িলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় অত্যাচারীর উৎপীড়ন হইতে নিরাপদ থাকা যায়।

(১১) ইয়া মুতাকাব্বিরু। হে মহা প্রতাপশালী। কাজের প্রারম্ভে অধিকবার পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় সেই কাজ সহজ হইয়া যায়। আর এই নাম পাঠ করিবার অভ্যাস করিতে পারিলে মহান আল্লাহ তায়ালা পাঠককে সম্মানের অধিকারী করিবেন।

(১২) ইয়া খালিকু। হে সৃষ্টিকর্তা। প্রতিদিন এই নাম একশতবার করিয়া সাত দিন পাঠ করিলে আল্লাহর ইচ্ছায় যেই কোন বিপদ হইতে মুক্ত থাকা যায়। আর যদি কেহ এই নাম সবসময় পাঠ করে তাহা হইলে এই নাম পাঠ করিবার ফলে একজন ফেরেশতা সৃষ্টি হইবে। সেই ফেরেশতা পাঠকের পক্ষে মহান আল্লাহ তায়ালার

ইবাদতে লিপ্ত হইবে। যাহার ফলে পাঠকের চেহারায় নূরানী অবস্থা বিরাজ করিতে থাকিবে।

(১৩) ইয়া বা-রিউ। হে প্রাণদাতা। বন্ধ্যা নারী সাতদিন রোযা রাখিয়া এবং প্রতিদিন পানি দিয়া ইফতার করিয়া ২১ বার ইয়া বা-রিউ, ইয়া বা-রিউল মুছাওয়্যিরু পাঠ করিলে আল্লাহর ইচ্ছায় সন্তান লাভ করিবে।

(১৪) ইয়া মুছাওয়্যিরু। হে গড়ন নির্ণয়কারী। ইহাও ইয়া বা-রিউ ইহার অনুরূপ বা মতো।

(১৫) ইয়া গাফফা-রু। হে মহা ক্ষমাশালী। জুমুআর নামাযের পর একশত বার এই নাম পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় গুনাহ মাফ হয়। ইহা ছাড়া আছরের নামাযের পর ইয়াগাফফারু ইয়াগফিরলী যুনূবী, হে ক্ষমাশালী, আমাকে ক্ষমা করুন! তাহা হইলে মহান আল্লাহ তায়ালা পাঠককে ক্ষমাপ্রাপ্তগণের অন্তর্ভুক্ত করিয়া নিবেন।

(১৬) ইয়া ক্বাহহা-রু। হে মহা প্রতিপত্তিশালী। দুনিয়াবী জগতের মোহে আকৃষ্ট ব্যক্তি যদি এই নাম সর্বদা পাঠ করে, তবে মহান আল্লাহর ইচ্ছায় তাহার মোহমুক্তি ঘটিবে। সে মহান আল্লাহ পাকের মায়ার বন্ধনে আবদ্ধ হইতে থাকিবে।

(১৭) ইয়া ওয়াহহা-বু। হে মহা দানশীল। চাশতের নামাযের শেষে সিজদায় গিয়া একশতবার পাঠ করিলে অগণিত ধন-সম্পদের মালিক হওয়া যায়। ইহা ব্যতীত কোন সৎউদ্দেশ্য সাধন করিতে হইলে নির্জন রাতে ঘরে অথবা মসজিদে তিনটি সিজদার পরে হাত তুলিয়া একশত বার এই নাম পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় সদুদ্দেশ্য সহজ সাধন হইয়া যাইবে।

(১৮) ইয়া রাযযা-ক্বু। হে মহা খাদ্য ও রুজিদাতা। ঘরের চার কোণায় এই নাম দশ বার করিয়া পড়িয়া দম করিলে মহান আল্লাহর ইচ্ছায় রিযিকের পথ খুলিয়া যাইবে। পশ্চিম দিকে মুখ করিয়া ঘরের ডান কোণ হইতে আরম্ভ করিবে। আর তাহা পাড়তে হইবে ফজরের নামাযের আগেই।

(১৯) ইয়া ফাত্তা-হু। হে প্রশস্ত বিপদমুক্তকারী। ফজরের নামাযের পর দুই হাত বুকে রাখিয়া এই নাম ৭০ বার পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় ঈমানের নূরে হৃদয় ভরিয়া যাইবে।

(২০) ইয়া আ'লীমু। হে মহাজ্ঞানী। ইয়া আ'লীমু-কে ওযীফা করিয়া নিতে পারিলে আল্লাহর ইচ্ছায় ইলমে মারিফাতের দরজা খুলিয়া যাইবে।

(২১) ইয়া ক্বা-বিদ্বু। হে রিযিক সংকীর্ণকারী। রুটির চারটি টুকরায় এই নাম লিখিয়া চল্লিশ দিন পর্যন্ত সেই রুটি খাইলে ক্ষুধা, পিপাসা, দুঃখ, বেদনা ও যখম ইত্যাদি বেদনাদায়ক কষ্ট দূর হইয়া যাইবে।

(২২) ইয়া বা-সিত্বু। হে অঢেল রিযিকদাতা। চাশতের নামাযের পর হাত তুলিয়া দৈনিক ১০ বার এই নাম পড়িয়া মুখের উপর হাত বুলাইলে মহান আল্লাহর ইচ্ছায় সুখ- সমৃদ্ধি লাভ করা যাইবে।

(২৩) ইয়া খাফিদ্বু। হে অবনতি প্রদানকারী। দৈনিক পাঁচশত বার ইয়া খা-ফিদ্বু পাঠ করিলে মহান আল্লাহ অভাব ও মসিবত দূর করিয়া দেবেন। ইহা ছাড়া তিন দিন রোযা রাখিয়া চতুর্থ দিন কোন স্থানে বসিয়া ৭০ বার এই নাম পড়িলে শত্রুর উপর বিজয় লাভ করিবে।

(২৪) ইয়া রা-ফিউ। হে উন্নতি প্রদানকারী। চাঁদের মাসের ১৪ তারিখ রাতের মধ্যভাগে এই নাম একশত বার পড়িলে মহান আল্লাহর ইচ্ছায় কাহারো মুখাপেক্ষী হইতে হইবে না।

(২৫) ইয়া মু'ইযযু। হে সম্মান দানকারী। সোমবার ও শুক্রবার মাগরিবের নামাযের পর চল্লিশ বার পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় পাঠকের মান-সম্মান বৃদ্ধি পাইবে।

(২৬) ইয়া মুযিল্লু। হে অপমানকারী। নামাযের পর সিজদায় গিয়া ৭৫ বার ইয়া মুযিল্লু পাঠ করিলে অত্যাচারীর হাত হইতে নিরাপদে থাকা যায়। যদি নির্দিষ্ট কোন শত্রু থাকে তাহা হইলে দোয়ার সময় তাহার নাম নিয়া তাহার অনিষ্ট হইতে বাঁচার জন্য দোয়া করিলে মহান আল্লাহ তায়ালা সেই দোয়া কবুল করিবেন।

(২৭) ইয়া সামীউ' । হে মহা শ্রবণকারী। বৃহস্পতিবার চাশতের নামাযের পর ৫০০ বার অথবা ১০০ বার এই নাম পড়িয়া দোয়া করিলে দোয়া কবূল হইবে। তবে পড়িবার সময় কাহারো সহিত কথা বলা যাইবে না।

(২৮) ইয়া বাছীরু। হে মহাদর্শী। জুমুআর নামাযের পর এই নাম ১০০ বার পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় দৃষ্টিশক্তি বৃদ্ধি পাইবে এবং হৃদয়ে নূরের সৃষ্টি হইবে।

(২৯) ইয়া হাকীমু। হে মহা বিচারক। শেষ রাতে ওযূ সহকারে এই নাম ৯৯ বার পাঠ করিলে আল্লাহ পাকের ইচ্ছায় অন্তর নূর দ্বারা ভরপুর হইয়া যাইবে।

শুক্রবার ওযীফার মতো করিয়া এই নাম বহুবার পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় কঠিন কাজ সহজ হইয়া যাইবে।

(৩০) ইয়া 'আদলু। হে সুবিচারক। জুমুআর দিন অথবা রাতে রুটির বিশটি টুকরায় এই নাম লিখিয়া কেহ ভক্ষণ করিলে মহান আল্লাহর ইচ্ছায় মানুষ তাহার অধীন হইয়া যাইবে।

(৩১) ইয়া লাত্বীফু। হে বড় দয়ালু ও অনুগ্রহকারী। ১৩৩ বার এই নাম পাঠ করিলে খাবারে বরকত পাওয়া যাইবে এবং সকল কাজ সহজ হইয়া যাইবে। অসুখ-বিসুখ ভোগকারী ও অভূক্ত লোক দুই রাকাত নামায আদায় করিয়া এই নাম ১০০ বার পড়িলে আল্লাহ রোগমুক্তির এবং খাদ্যের ব্যবস্থা করিয়া দিবেন।

(৩২) ইয়া খাবীরু। হে সর্বজ্ঞাতা। সাতদিন পর্যন্ত এই নাম পড়িতে থাকিলে গোপন তথ্য অবগত হওয়া যায়। কু-প্রবৃত্তির পীড়ায় যাহারা ভুগিতেছে তাহারা অধিকবার এই নাম পড়িলে এই পীড়া হইতে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় মুক্তি পাওয়া যাইবে।

(৩৩) ইয়া হালীমু। হে মহা ধৈর্যশীল। কাগজে এই নাম লিখিয়া পানি দিয়া ধুইয়া সেই পানি যে কোন জিনিসের উপর ছিটাইয়া দিলে অথবা সেই পানি যেই জিনিসে মালিশ করিবে সেই জিনিসে বরকত হইবে।

(৩৪) ইয়া আযীমু। হে অতি মহান। এই নামের ওযীফা বানাইয়া লইলে মহান আল্লাহর ইচ্ছায় মান-সম্মান বৃদ্ধি পাইবে।

(৩৫) ইয়া গাফূরু। হে মহা ক্ষমাশীল। ওযীফার মতো করিয়া এই নাম অধিকবার পাঠ করিলে সব ধরণের চিন্তা দূর হয়। সন্তান ও সম্পদে বরকত হয়। হাদীস শরীফে আছে সিজদায় যদি ইয়া রাব্বিগফিরলী ৩ বার পড়া হয়। তাহা হইলে কৃত সকল অপরাধ মাফ হইয়া যায়।

(৩৬) ইয়া শাকূরু। হে মূল্যায়নকারী। প্রতিদিন ৪১ বার এই নাম পড়িলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় দারিদ্র্যতা এবং মানসিক যন্ত্রনা দূর হইয়া যাইবে।

(৩৭) ইয়া আ'লিয়্যু। হে মহা মর্যাদাশীল। সবসময় এই নাম পাঠ করিলে এবং লিখিয়া সঙ্গে রাখিলে মহান আল্লাহর ইচ্ছায় পদ মর্যাদা বৃদ্ধি পাইবে। ইহা ছাড়া ভাগ্যও সুপ্রসন্ন হইবে।

(৩৮) ইয়া কাবীরু। হে মহান ও প্রধান। পদচ্যুত ব্যক্তি ৭ দিন রোযা রাখিয়া প্রতিদিন ১০০০ বার ইয়া কাবীরু পাঠ করিলে সেই ব্যক্তি মহান আল্লাহর ইচ্ছায় পূর্ব পদে আবার বহাল হইবে এবং তাহার পদোন্নতি হইবে।

(৩৯) ইয়া হাফীযু। হে মহারক্ষক। সবসময় ইয়া হাফীযু পড়িলে এবং তাবিজ করিয়া সঙ্গে রাখিলে মহান আল্লাহর ইচ্ছায় যে কোন বালা-মুসিবত ও ভয়-ভীতি হইতে মুক্ত থাকা যাইবে।

(৪০) ইয়া মুক্বীতু। হে শক্তিদাতা। পানির পাত্রে এই নাম পড়িয়া দম করিয়া সেই পাত্রে নিজে অথবা অন্য কেহ পানি পান করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় আশা পূর্ণ হইবে।

(৪১) ইয়া হাসীবু। হে মহা প্রভু। যদি কাহারো কোন লোকের বা কিছুর ভয় থাকে, তবে বৃহস্পতিবার শুরু করিয়া আট দিন পর্যন্ত সকাল-বিকাল ৭০ বার ইয়া হাসীবু পাঠ করিলে সকল প্রকার ভয়-ভীতি হইতে নিরাপদ থাকিবে।

(৪২) ইয়া জালীলু। হে, মহা মর্যাদাশীল। মেশক জাফরান দিয়া লিখিয়া এই নাম সঙ্গে রাখিলে এবং অনেকবার পড়িলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় ইজ্জত বৃদ্ধি পাইবে।

(৪৩) ইয়া কারীমু। হে মহা মর্যাদাবান। প্রতিদিন ঘুমাইবার আগে ইয়া কারীমু অনেকবার পড়িয়া ঘুমাইলে মহান আল্লাহ তাহাকে আলেম এবং সৎ-লোকের সম-মর্যাদা দান করিবেন।

(৪৪) ইয়া রা-ক্বিবু। হে বড় নেগাহবান। নিজের সন্তান-সন্ততি এবং মাল-পত্রের উপর দৈনিক ৭ বার এই নাম পাঠ করিয়া এবং ইয়া রা-ক্বিবুকে ওযীফা করিয়া নিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় সকল প্রকার বিপদাপদ হইতে নিরাপদ থাকা যাইবে।

(৪৫) ইয়া মুজীবু। হে দোয়া কবূলকারী। অধিকবার ইয়া মুজীবু পাঠ করিলে পাঠকের দোয়া মহান আল্লাহর দরবারে কবূল হইতে থাকে।

(৪৬) ইয়া ওয়া-সিউ'। হে বিস্তারকারী। অধিকবার ইয়া ওয়া-সিউ' পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় সম্পদের অধিকারী হইবে।

(৪৭) ইয়া হাকীমু। হে মহা কৌশলী। অধিকবার ইয়া হাকীমু পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় শিক্ষা ও কৌশলের অধিকারী হওয়া যাইবে। আশা পূরণ না হইলে এই নাম নিয়মিতভাবে পড়িতে থাকিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় আশা পূরণ হইবে।

(৪৮) ইয়া ওয়াদূদু। হে মহা স্নেহশীল। ১০০১ বার এই নাম পড়িয়া খাবারের উপর দম করিয়া সেই খাবার স্ত্রীর সহিত বসিয়া খাইলে ঝগড়াটে স্ত্রীর ঝগড়া বিদূরিত হইয়া যাইবে।

(৪৯) ইয়া মাজীদু। হে মহা বুযুর্গ। বেদনাদায়ক ও খুব কষ্টকর অসুখে পড়িলে চাঁদের ১৩, ১৪, ও ১৫ তারিখে রোযা রাখিয়া ইফতারের সময় অধিকবার এই নাম পড়ে পানিতে দম করিয়া সেই পানি পান করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় অসুখ ভালো হইয়া যাইবে।

(৫০) ইয়া বা-ইছু। হে মৃতের প্রাণ দানকারী। ঘুমাইবার সময় বুকে হাত রাখিয়া ১০১ বার ইয়া বা-ইছু পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় মন ও প্রাণ শিক্ষা ও হিকমতে ভরপুর হইয়া উঠিবে।

(৫১) ইয়া শাহীদু। হে নিত্য বিরাজমান। সকাল বেলায় অবাধ্য স্ত্রী ও সন্তানের কপালে হাত রাখিয়া ২১ বার ইয়া শাহীদু পড়িয়া ফুঁক দিলে মহান আল্লাহর ইচ্ছায় অবাধ্য স্ত্রী বা সন্তান বাধ্য হইয়া যাইবে।

(৫২) ইয়া হাক্কু। হে সত্য ও স্থায়ী। কাগজের চার কোণায় এই নামটি লিখিয়া ভোর রাতে সেই কাগজটি হাতের তালুতে রাখিয়া উপরের দিকে হাত তুলিয়া দোয়া করিলে মহান আল্লাহর ইচ্ছায় হারানো মানুষ বা জিনিস ফিরিয়া পাইবে এবং তাহা নিরাপদ থাকিবে।

(৫৩) ইয়া ওয়াকীলু। হে অভিভাবক। আসমানী বালার সময় ইয়া ওয়াকীলু ওযীফা হিসাবে পাঠ করিলে এবং ইহাকেই আশ্রয় মনে করিলে সকল প্রকার বিপদ হইতে মুক্ত থাকিবে।

(৫৪) ইয়া ক্বায়িয়্যু। হে মহা শক্তিশালী। অত্যাচারিত ও নিপীড়িত হইলে অত্যাচারীর নাম নিয়া এই নাম অধিকবার পাঠ করিলে সে অত্যাচারীর অত্যাচার হইতে মুক্তি পাওয়া যায়।

(৫৫) ইয়া মাতীনু। হে পরম পরাক্রমশালী। শিশু মায়ের বুকের দুধ না পাইলে এই নাম কাগজে লিখিয়া সেই কাগজ ধুইয়া মাকে পানি পান করাইলে মহান আল্লাহর ইচ্ছায় দুধ বৃদ্ধি পাইবে।

(৫৬) ইয়া ওয়ালিয়্যু। হে সাহায্যকারী। স্বামী যদি স্ত্রীর আচরণে সন্তুষ্ট হইতে না পারে তবে স্ত্রীর সামনে গেলেই এই নামটি পাঠ করিবে। ইহাতে স্বামীর প্রতি স্ত্রীর আচরণে পরিবর্তন হইবে।

(৫৭) ইয়া হামীদু। হে সকল প্রশংসার অধিকারী। নির্জন স্থানে দৈনিক ৯৩ বার করিয়া ৪৫ দিন পর্যন্ত ইয়া হামীদু পাঠ করিলে ইনশায়াল্লাহ সকল খারাপ অভ্যাস দূর হইয়া যাইবে।

(৫৮) ইয়া মুহছিউ। হে সর্বজ্ঞানী। রুটির বিশটি টুকরোর প্রতিটিতে বিশবার এই নাম পাঠ করিয়া ফুঁক দিয়া খাইলে সকল সৃষ্টি অনুগত হইয়া যাইবে।

(৫৯) ইয়া মুবদিউ। হে আদি সৃষ্টিকর্তা। গর্ভবতী স্ত্রীর পেটের উপর ভোর রাতে হাত রাখিয়া ৯৯ বার ইয়া মুবদিউ পড়িলে মহান আল্লাহর ইচ্ছায় স্ত্রীর গর্ভ নষ্ট হইবে না এবং সহজে সন্তান ভূমিষ্ট হইবে।

(৬০) ইয়া মুঈদু। হে পুনরুত্থানকারী। হারানো লোককে ফিরিয়া পাইতে হইলে সকল লোক ঘুমাইয়া পড়ার পর ঘরের চার কোণে ৭০ বার করিয়া ইয়া মুঈদু পড়িবে। ইহাতে হারাইয়া যাওয়া লোক ফিরিয়া আসিবে অথবা তাহার সন্ধান পাওয়া যাইবে।

(৬১) ইয়া মুহয়িয়ু। হে জীবনদাতা। অসুস্থ ব্যক্তি বেশি প.রিমাণে এই নাম পাঠ করিলে অথবা অসুস্থ ব্যক্তির উপরে এই নাম পড়িয়া ফুঁক দিলে ইনশায়াল্লাহ দ্রুত সুস্থ হইয়া যাইবে। ইহা ছাড়া কেহ ৮৯ বার এই নাম পড়িয়া নিজের উপর ফুঁক দিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় সকল সমস্যা হইতেই সে মুক্ত থাকিবে।

(৬২) ইয়া মুমীতু। হে মৃত্যুদাতা। যদি কাহারো নফস নিজের আয়ত্বে না থাকে, তবে সে ঘুমাইবার সময় বুকে হাত রাখিয়া এই নাম পড়িতে পড়িতে ঘুমাইয়া পড়িলে তাহার নফস অনুগত হইয়া যাইবে।

(৬৩) ইয়া হাইয়্যু। হে চিরজীব। এই নাম দৈনিক ৩০০০ বার পাঠ করিলে ইনশায়াল্লাহ পাঠকারী নিরোগ থাকিবে। কেহ এই নাম চিনা মাটির বরতনে মেশক ও গোলাপ দিয়া লিখিয়া মিষ্টি পানি দ্বারা ধুইয়া সেই পানি পান করিলে অথবা অন্য রোগীকে পান করাইলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় আরোগ্য লাভ করিবে।

(৬৪) ইয়া ক্বাইয়্যুমু। হে চিরস্থায়ী। এই নাম নিয়মিত পাঠ করিলে আল্লাহর ইচ্ছায় মানুষের মধ্যে মর্যাদা বৃদ্ধি পাইবে। নির্জন স্থানে এই নাম অধিকবার পাঠ করিলে ইনশায়াল্লাহ সুখ-সমৃদ্ধি লাভ করা যাইবে। ফজরের নামাযের পর হইতে সূর্য উদয় পর্যন্ত কেহ ইয়া হাইয়্যু ইয়া ক্বাইয়্যুমু পড়িতে থাকিলে মহান আল্লাহ তাহার অলসতা ও জড়তা দূর করিয়া দিবেন।

(৬৫) ইয়া ওয়া-জিদু। হে সর্ব নিয়ন্ত্রক। খাবার খাওয়ার সময় এই নাম পাঠ করিলে এই খাবার আত্মার শক্তি ও কলবের নূর সৃষ্টির সহায়ক হইবে।

(৬৬) ইয়া মা-জিদু। হে অতি মর্যাদাবান। নির্জন স্থানে এই নাম অনবরত পড়িতে থাকিলে অন্তরে আল্লাহ তায়ালার নূরের প্রকাশ ঘটিতে শুরু করিবে।

(৬৭) ইয়া ওয়া-হিদুল আহাদু। হে এক ও একক সত্তা। যদি কেহ দৈনিক এই নাম এক হাজার বার পাঠ করে তবে তাহার মন হইতে মানুষ এবং অন্য কিছুর ভয় ভীতি দূর হইয়া যাইবে। নিঃসন্তান লোক এই নাম লিখিয়া সঙ্গে রাখিলে ইনশায়াল্লাহ সন্তান লাভের সৌভাগ্য অর্জন করিবে।

(৬৮) ইয়া সামাদু। হে অমুখাপেক্ষী। সেহরীর সময় সিজদায় গিয়া ১২৫ অথবা ১১৫ বার এই নাম পাঠ করিলে সত্যের সন্ধান পাইবে। পাঠকারীকে অবশ্যই সত্যের অনুসারী হইতে হইবে। অযূর সহিত এই নাম বহুবার পাঠ করিবার অভ্যাস করিলে কাহারো মুখাপেক্ষী হইতে হইবে না।

(৬৯) ইয়া ক্বা-দিরু। হে মহাশক্তিমান। দুই রাকাত নামায আদায় করিবার পর ১০০ বার এই নাম পাঠ করিলে এবং নিজে ন্যায়ের পথে থাকিলে মহান আল্লাহ শত্রুকে দমন করিয়া দিবেন। কোন কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি হইলে ৪১ বার এই নাম পাঠ করিলে মহান আল্লাহ তায়ালা সেই বাঁধা দূর করিয়া দিয়া কাজটি সহজ সাধ্য করিয়া দিবেন।

(৭০) ইয়া মুক্বতাদিরু। হে পূর্ণ শক্তির অধিকারী। সকালে ঘুম হইতে উঠিয়া এই নাম অনেকবার অথবা অন্তত ২০ বার পাঠ করিলে ইনশায়াল্লাহ দিনের সব কাজ সহজ হইয়া যাইবে।

(৭১) ইয়া মুক্বাদ্দিমু। হে অগ্রসরকারী। সৈনিক যুদ্ধের মাঠে এই নাম পাঠ করিতে থাকিলে মনোবল বৃদ্ধি পাইবে এবং শত্রুর অস্ত্রের আঘাত হইতে নিরাপদ থাকা যাইবে।

(৭২) ইয়া মুআখখিরু। হে অবনতি প্রদানকারী। প্রত্যহ ১০০০ বার এই নাম পড়িলে আল্লাহর নৈকট্য লাভ করা সহজ হইবে আর মনেও শান্তি বিরাজ করিবে।

(৭৩) ইয়া আউয়ালু। হে আদি। পুত্র সন্তানের জন্য দৈনিক ৪০ বার ৪০ দিন পর্যন্ত এই নাম পাঠ করিতে থাকিলে ইনশায়াল্লাহ পুত্র সন্তান লাভ করিবে। ভ্রমণকারী শুক্রবার দিন ১০০০ বার পাঠ করিলে নিরাপদে থাকিবে এবং নিরাপদে বাড়ি পৌছুতে পারিবে।

(৭৪) ইয়া আখিরু। হে অনন্ত। দৈনিক এক হাজার বার এই নাম পাঠ করিলে মন হইতে শিরকি দূর হইয়া যাইবে এবং মরণটা সুন্দর হইবে।

(৭৫) ইয়া যোয়াহিরু। হে প্রকাশ্য। ইশরাকের নামাযের পর ৫০০ বার এই নাম নিয়মিত পাঠ করিলে পাঠকারীর চোখের দৃষ্টিশক্তি বৃদ্ধি পাইবে এবং মনে নূরের সৃষ্টি হইবে।

(৭৬) ইয়া বা-ত্বিনু। হে অপ্রকাশ্য। দৈনিক একশত ত্রিশ বার এই নাম পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় গোপন তথ্য জানা যাইবে এবং মনে আল্লাহর মহব্বত সৃষ্টি হইবে।

(৭৭) ইয়া ওয়ালিয়্যু। হে মহা অভিভাবক। এই নাম প্রত্যহ পাঠ করিলে হঠাৎ বিপদ হইতে মহান আল্লাহ তায়ালা হিফাজত করিবেন। পানির পিয়ালায় এই নাম লিখিয়া সেই পিয়ালার পানি নিয়া ঘরে ছিটাইয়া দিলে ঘরও আকস্মিক বিপদ-আপদ হইতে মুক্ত থাকিবে।

(৭৮) ইয়া মুতাআলিউ। হে সর্বোচ্চ সত্তা। এই নাম অধিক পরিমাণে পাঠ করিলে মহান আল্লাহ পাক বিপদ হইতে মুক্ত করিয়া দিবেন। মহিলাদের হায়েযকালীন কষ্ট হইতে মুক্ত থাকা যাইবে।

(৭৯) ইয়া বাররু। হে সর্বোত্তম আচরণকারী। যিনাকারী ও মাদকাসক্ত ব্যক্তি প্রত্যহ অনেক বার এই নাম পাঠ করিলে ক্রমে তাহার সব বদভ্যাস দূর হইবে এবং অপরাধ প্রবণতা কমিয়া যাইবে। দুনিয়ার প্রতি আসক্ত ব্যক্তির দুনিয়ার প্রতি আসক্তি কমিয়া যাইবে।

(৮০) ইয়া তাওয়্যাবু। হে তাওবা কবূলকারী। প্রত্যহ চাশতের নামাযের পর ৩৬০ বার এই নাম পাঠ করিলে মহান আল্লাহর ইচ্ছায় সত্যিকারের তাওবাকারী হইয়া যাইবে। এই নাম বেশি বেশি পড়িতে থাকিলে সকল কাজ সহজ হইয়া যাইবে। এই নাম কোন অত্যাচারীর উপর যদি দশ বার পড়িয়া ফুঁক দেয়া হয়, ইনশায়াল্লাহ ঐ যালিমের স্বভাবের পরিবর্তন হইয়া যাইবে।

(৮১) ইয়া মুনতাক্বিমু। হে শাস্তি বিধানকারী। ন্যায়ের উপর প্রতিষ্ঠিত লোক যদি শত্রুর উপর প্রতিশোধ নিতে চায়, তবে তাহাকে একাধারে তিন জুমুআ পর্যন্ত এই নাম পাঠ করিতে হইবে। ইহাতে স্বয়ং মহান আল্লাহ তায়ালাই পাঠকারীর পক্ষ হইয়া যাইবেন।

(৮২) ইয়া আ'ফুয়্যুন। হে শ্রেষ্ঠ ক্ষমাশীল। এই নাম অধিক পরিমাণে পাঠ করিলে মহান আল্লাহ তায়ালা তাহার গুনাহ মাফ করিয়া দিবেন।

(৮৩) ইয়া রাউফু। হে বড় উদার। এই নাম ওযীফা হিসাবে পড়িতে পারিলে মানুষ পাঠকের উপর সদয় থাকিবে। দশ বার দুরূদ শরীফ পড়িয়া দশ বার এই নাম পাঠ করিলে মনের রাগ কাটিয়া যাইবে।

(৮৪) ইয়া মালিকুল মুলকি। হে বাদশাহের বাদশা। যদি কেহ এই নাম সবসময় পাঠ করিতে থাকে, তাহা হইলে সে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় অভাবমুক্ত থাকিবে।

(৮৫) ইয়া যালজালালি ওয়াল ইকরাম। হে সকল মর্যাদা-সম্মানের অধিকারী। এই নাম অধিকবার পাঠ করিলে আল্লাহ তায়ালার ফজল ও করমে সমাজে তাহার মান-মর্যাদা বৃদ্ধি পাইবে।

(৮৬) ইয়া মুক্বসিতু। হে ভাগ্য নির্ধারক। নিয়মিতভাবে এই নাম পাঠ করিলে শয়তানের ধোঁকা হইতে রক্ষা পাওয়া যাইবে। কোন সৎ উদ্দেশ্য সাধন করিবার জন্য এই নাম সাতশত বার পাঠ করিলে ইনশায়াল্লাহ সেই উদ্দেশ্য পূরণ হইবে।

(৮৭) ইয়া জা-মিউ' । হে সমবেতকারী। বন্ধ বা আপনজন বিচ্ছিন্ন কোন লোক যদি চাশতের নামাযের সময় গোসল করিয়া আকাশের দিকে মুখ তুলিয়া দশ বার এই নাম পাঠ করে এবং একটি আঙুল বন্ধ করে এমনিভাবে প্রতি দশ বার পড়িয়া একটি আঙুল বন্ধ করিবার কাজ শেষ করিবার পর দুই হাত মুখের উপর বুলাইয়া নেয় তবে ইনশায়াল্লাহ বিচ্ছিন্ন বন্ধু ও আপনজন আবার মিলিয়া যাইবে। ইহা ছাড়া যদি কাহারো কোন জিনিস হারাইয়া যায়, তবে সে যদি (আল্লাহুম্মা ইয়া জামিউন্নাসি লিইয়াও মিল লা- রাইবা ফীহি ইজমা' দাল্লাতি) পড়ে তবে সে তাহার হারানো জিনিস ফিরিয়া পাইবে। বৈধ ভালোবাসার জন্যও এই নাম বা দোয়াটি অত্যন্ত ফলদায়ক।

(৮৮) ইয়া মুগনিয়্যু। হে শ্রেষ্ঠ ধনি ও ধনদাতা। আগে-পরে ১১ বার দুরূদ শরীফ পাঠ করিয়া ১১১১ বার এই নাম ওযীফা রূপে পাঠ করিলে মহান আল্লাহ তায়ালা তাহাকে ধন-সম্পদ দান করিবেন। সকাল- সন্ধ্যা এই নাম পড়িবার সময় ইহার সহিত সূরা মুযযাম্মিলও মিলাইয়া নিতে হইবে।

(৮৯) ইয়া গানিয়্যু। হে মহা ধনবান। দৈনিক সত্তর বার ইয়া গানিয়্যু পাঠ করিলে ধন-সম্পদের মধ্যে বরকত হইবে। প্রকাশ্য বা অপ্রকাশ্য যে কোন রোগে ভোগার সময় এই নাম বহুবার পাঠ করিয়া শরীরে ঝাড়-ফুঁক দিলে রোগ হইতে মুক্ত হইয়া যাইবে।

(৯০) ইয়া মা-নিউ'। হে নিষেধকারী। স্ত্রীর সহিত ঝগড়া হইলে অথবা স্ত্রী অবাধ্য হইলে প্রত্যহ ঘুমাইবার সময় ২০ বার এই নাম পাঠ করিয়া ঘুমাইলে ইনশায়াল্লাহ ঝগড়া মিটিয়া যাইবে এবং পাঠকারী সকল প্রকার ক্ষতি হইতে নিরাপদ থাকিবে। সৎ উদ্দেশ্যে এই নাম পাঠ করিলে বিশেষ ফল পাওয়া যাইবে।

(৯১) ইয়া দ্বাররু। হে ক্ষতি সাধনকারী। জুমুআর রাতে এই নাম ১০০ বার পাঠ করিলে ইনশায়াল্লাহ সকল বিপদ হইতে নিরাপদ থাকা যাইবে এবং আল্লাহর নৈকট্য লাভ করা যাইবে।

(৯২) ইয়া না-ফিউ'। হে মঙ্গল সাধনকারী। যানবাহনে উঠার সময় এই নাম বেশি বেশি পাঠ করিলে ইনশায়াল্লাহ সকল বিপদ হইতে নিরাপদ থাকা যাইবে। যে কোন কাজ আরম্ভ করিবার সময় ২১ বার এই নাম পাঠ করিলে কাজ সহজসাধ্য হইবে। স্ত্রী সহবাসকালে এই নাম পাঠ করিলে সৎ-সন্তান লাভ হইবে।

(৯৩) ইয়া নূরু। হে আলো দানকারী। জুমুআর রাতে সাতবার সূরা নূর ও এক হাজার বার এই নাম পাঠ করিলে ইনশায়াল্লাহ আল্লাহ তায়ালার নূরের দ্বারা উদ্ভাসিত হইয়া যাইবে।

(৯৪) ইয়া হা-দিউ। হে সৎপথ প্রদর্শক। আকাশের দিকে মুখ করিয়া হাত তুলিয়া অধিকবার পড়িলে এবং শেষের দিকে মুখের উপর ফিরাইলে মহান আল্লাহ তায়ালার হিদায়াত নসীব হইবে এবং মারিফাতপন্থিদের অন্তর্ভুক্ত হইয়া যাইবে।

(৯৫) ইয়া বাদীউ' । হে চীর নতুনের স্রষ্টা। দুশ্চিন্তাগ্রস্ত অবস্থায়, বিপদে পড়িলে এক হাজার বার (ইয়া বাদীউস সামাওয়াতি ওয়াল আরদ্বি) পাঠ করিলে মহান আল্লাহ তায়ালার ইচ্ছায় যেই কোন কাজের সুষ্ঠু সমাধানের কথা স্বপ্নে জানিতে পারিবে।

ইশার নামাযের পর যদি কেহ (ইয়া বাদীআল আজাইবি বিল খাইরি ইয়া বাদীউ') ১৬ দিন পর্যন্ত দৈনিক বারশত বার করিয়া পাঠ করে, তবে যেই আশা পূর্ণ হওয়ার কথা চিন্তা করিয়া পড়িবে মহান আল্লাহ তায়ালা সেই আশা অবশ্যই পূর্ণ করিয়া দিবেন।

(৯৬) ইয়া বা-ক্বিউ। হে চিরস্থায়ী। কেহ এক হাজার বার এই নাম জুমুআর রাতে পড়িলে সে ক্ষতি হইতে নিরাপদ থাকিবে এবং মহান আল্লাহ তাহার সকল নেক আমল কবূল করিয়া নিবেন।

(৯৭) ইয়া ওয়ারিছু। হে অনাদি। সূর্য উঠিবার সময় একশত বার এই নাম পাঠ করিলে ইনশায়াল্লাহ যে কোন চিন্তা- ভাবনা ও বিপদ হইতে মুক্ত থাকিবে। আর যদি কেহ মাগরিব ও ইশার মাঝামাঝি সময় এক হাজার বার এই নাম পাঠ করে তবে সে সব ধরণের হয়রানি হইতে মুক্ত থাকিবে।

(৯৮) ইয়া রাশীদু। হে সঠিক পথ নির্ধরণকারী। কেহ যদি তাহার কোন সমস্যার সমাধান জানিতে চাহে তবে মাগরিব ও ইশার নামাযের মাঝামাঝি সময় এক হাজার বার ইয়া রাশীদু পাঠ করিলে ইনশায়াল্লাহ স্বপ্নে সে এই সমস্যার সমাধান জানিতে পারিবে। অথবা তাহার মনে ইহার সমাধান উদয় হইবে। ইহা ছাড়া নিয়মিতভাবে প্রতিদিন এই নাম পাঠ করিলে যে কোন সংকট কাটিয়া যাইবে এবং ব্যবসা-বাণিজ্যে উন্নতি হইবে।

(৯৯) ইয়া ছাবুরু। হে ধৈর্য ধারণকারী। যদি সূর্য উদয়ের পূর্বে ১০০ বার এই নাম পাঠ করে তবে ইনশায়াল্লাহ পাঠকারী সকল বিপদ ও মুসীবত হইতে মুক্ত থাকিবে এবং তাহার সকল শত্রুর মুখ বন্ধ হইয়া যাইবে। কোন বিপদে পড়িলে ১০২০ বার এই নাম জপন করিলে ইনশায়াল্লাহ সে বিপদ সহজেই কাটিয়া যাইবে।

বিসমিল্লাহির রাহমানির রাহীম

اِلٰهِىْ بِجَاهِ نَبِيِّكَ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَكَ وَمَكَانَتِهٖ لَدَيْكَ وَمُحَبَّتِكَ لَهٗ وَمَحَبَّتِهٖ لَكَ– وَبِالسِّرِّ الَّذِىْ بَيْنَكَ وَبَيْنَهٗ – اَسْئَلُكَ اَنْ تُصَلِّىَ وَتُسَلِّمَ عَلَيْهِ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ وَضَاعِفِ اللّٰهُمَّ مُحَبَّتِىْ فِيْهِ وَعَرِّفْنِىْ بِحَقِّهٖ وَرُتْبَتِهٖ وَ وَفِّقْنِىْ لِاتِّبَاعِهٖ وَالْقِيَامِ بِاَدَبِهٖ وَسُنَّتِهٖ وَاجْمَعْنِىْ عَلَيْهِ وَمَتِّعْنِىْ بِرُؤْيَتِهٖ وَاَسْعِدْنِىْ بِمُكَالَمَتِهٖ وَارْفَعْ عَنِّى الْعَوٰئِقَ وَالْعَلَائِقَ وَالْوَسَائِطَ وَالْحِجَابَ وَشَنِّفْ سَمْعِىْ مَعَهٗ بِلَذِيْذِ الْخِطَابِ– وَهَيِّئْنِىْ لِلتَّلَقِّىْ مِنْهُ وَاَهِّلْنِىْ لِخِدْمَتِهٖ ○

উচ্চারণ ঃ ইলাহী বিজাহি নাবিয়্যিকা সাইয়্যিদিনা মুহাম্মদিন (সাঃ। ইনদাকা ওয়া মাকানাতিকা লাদাইকা ওয়া মাহাব্বতিকা লাহু ওয়া মাহাব্বাতিহী লাক। ওয়া বিসরিরির ল্লাযী বাইনাকা ওয়া বাইনাহু। আসয়ালুকা আন তুসাল্লিয়া ওয়া তুসাল্লিমু আলাইহি ওয়া আলা আলিহী ওয়া সাহবিহী ওয়া দ্বায়িফি আল্লাহুম্মা মুহাব্বাতী ফীহি ওয়া আররিফনী বিহাক্কিহী ওয়া রুতবাতিহী ওয়া ওয়াফফিক্বনী লি ইত্তাবাঈহী ওয়াল কিয়ামী বিআদাবিহী ওয়া সুন্নাতিহী ওয়াজমা'নী আলাইহি ওয়া মাত্তি'নী বিরু'ইয়াতিহী ওয়া আসঈদনী বিমুকালামাতিহী ওয়ারফা' আন্নীল আওয়াঈকি ওয়াল আলাইকি ওয়াল ওয়াসাইত্বা ওয়াল হিজাবা ওয়া শান্নিফ সামঈ মাআহু বিলাযীযিল খিত্বাবি, ওয়াহাইয়্যিনী লিতুলাক্কী মিনহু ওয়া আহিল্লিনী লিখিদমাতিহী।

বিসমিল্লাহির রাহমানির রাহীম

ইলাহী তোমার প্রিয়নবী আমাদের সর্দার হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর যে মর্যাদা তোমার নিকট রহিয়াছে তাহার উসিলায়, আর তোমার যে মোহাব্বাত তাঁহার জন্যে রহিয়াছে এবং তাঁহার যে মোহাব্বাত তোমার জন্যে রহিয়াছে উহার উসিলায়, আর যেই রহস্য তোমার ও তাঁহার মাঝে রহিয়াছে উহার উসিলায়, তোমার হুযূরে এই নিবেদন পেশ করি যে, তুমি তাঁহার প্রতি দুরূদ ও সালাম পেশ কর এবং তাঁহার আল-আওলাদগণের প্রতি ও তাঁহার সাহাবায়ে কিরামগণের প্রতি। আর দ্বিগুণ কর তাঁহার প্রতি আমার মহব্বতকে, আর আমাকে হক ও মর্তবা সম্পর্কে অবগত করাও এবং আমাকে তাঁহার অনুসরণের তাওফিক দান কর, আর তাঁহার আদবের জন্য দাঁড়াইবার ও তাঁহার সুন্নাতের অনুসরণের তাওফিক দান কর।

আর আমাকে ইহার উপর সুদৃঢ় রাখ, আমাকে তাঁহার যিয়ারত দ্বারা উপকৃত কর, আর আমাকে নেকবখত বানাও তাঁহার সহিত কথা বলার মাধ্যমে, আর আমার নিকট হইতে দূর করিয়া দাও সকল বাঁধা-বিপত্তি, সকল সম্পর্ক যাহা তাঁহার পথের কাঁটা আর পর্দা। আর আমার কর্ণ কুহরকে তাঁহার মিষ্টি মধুর কথা শ্রবণ করাও, আর আমাকে তাঁহার যিয়ারত লাভে প্রস্তুত করো এবং তাঁহার খিদমতের জন্য আমাকে যোগ্যতা দান কর।

وَاجْعَلْ صَلٰوتِىْ عَلَيْهِ نُوْرًا نَيِّرًا كَامِلًا مُكَمَّلًا طَاهِرًا مُّطَهَّرًا مَاحِيًا كُلَّ ظُلْمٍ وَّظُلْمَةٍ وَّشَكٍّ وَّشِرْكٍ وَّكُفْرٍ وَّزُوْرٍ وَّوِزْرٍ وَّاجْعَلْهَا سَبَبًا لِّلتَّمْحِيْضِ وَمَرْقًى لِاَنَالَ بِهَا اَعْلٰى مَقَامِ الْاِخْلَاصِ وَالتَّخْصِيْصِ حَتّٰى لَا يَبْقٰى فِىْ رَبَّانِيَّةٌ لِّغَيْرِكَ وَحَتّٰى اَصْلُحَ لِحَضْرَتِكَ وَاَكُوْنَ مِنْ اَهْلِ خُصُوْصِيَّتِكَ مُسْتَمْسِكًا بِاَدَبِهٖ وَسُنَّتِهٖ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاٰلِهٖ وَاَصْحَابِهٖ وَاَهْلِ بَيْتِهٖ اَجْمَعِيْنَ فِىْ كُلِّ

وَقْتٍ وَّحِيْنٍ- يَا اَللّٰهُ يَا نُوْرُ يَاحَقُّ يَا مُبِيْنُ (ثَلٰثًا)

-اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ هَدَانَا لِلْاِيْمَانِ وَالْاِسْلَامِ -وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ نَّبِيِّهِ الَّذِىْ اسْتَنْقَذَنَا بِهٖ مِنْ عِبَادَةِ الْاَوْثَانِ وَالْاَصْنَامِ- وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهِ النُّجَبَاءِ الْبَرَرَةِ الْكِرَامِ-

وَبَعْدَ هٰذَا فَالْغَرَضُ فِىْ هٰذَا الْكِتَابِ ذِكْرُ الصَّلٰوةِ عَلَى النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفَضَائِلُهَا نَذْكُرُهَا مَحْذُوْفَةَ الْاَسَانِيْدِ لِيَسْهُلَ حِفْظُهَا عَلَى الْقَرِئِ وَهِىَ مِنْ اَهَمِّ الْمُهِمَّاتِ لِمَنْ يُّرِيْدُ الْقُرْبَ مِنْ رَّبِّ الْاَرْبَابِ- وَسَمَّيْتُهٗ بِكِتَابِ دَلَائِلُ الْخَيْرَاتِ وَشَوَارِقِ الْاَنْوَارِ فِىْ ذِكْرِ الصَّلٰوةِ عَلَى النَّبِىِّ الْمُخْتَارِ-

উচ্চারণ ঃ ওয়াজআল সালাতী আলাইহি নূরান, নাইয়্যিরান, কামিলান, মুকাম্মালান, ত্বাহিরান, মুত্বাহহারান, মাহিয়ান কুল্লু যুলমিন ওয়া যুলমাতিন, ওয়া শাক্কিন, ওয়া শিরক্বিন, ওয়া কুফরিন, ওয়া যূরিন, ওয়া বিযরিন, ওয়াজআলহা সাবাবাল লিত্তামহীদ্বি ওয়া মারক্বান লিআনালা বিহা আ'লা মাক্বামিল লিইখলাসি ওয়াত্বাখসীসি হাত্তা লা ইয়াবক্বা ফী রাব্বানিয়্যাতুল লিগাইরিকা ওয়া হাত্তা আসলুহা লিহাদ্বরাতিকা ওয়া আকূনা মিন আহলি খুসুসিয়্যাতিকা মুসতামসিকান বিআদাবিহী ওয়া সুন্নাতিহী সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহী ওয়া আসহাবিহী ওয়া আহলি বাইতিহী আজমাঈনা ফী কুল্লি ওয়াক্বতিণ্ড ওয়া হীনিন।

ইয়া আল্লাহু, ইয়া নূরু ইয়া হাককু ইয়া মুবীনু (তিন বার)।

আলহামদুলিল্লাহিল্লাযী হাদানা লিল ঈমানী ওয়াল ইসলামি। ওয়াস সালাতু ওয়াস সালামু আ'লা সাইয়্যিদিনা মুহাম্মাদিন নাবিয়্যিল্লাযীসতানক্বাযানা বিহী মিন

ঈবাদাতিল আওসানী ওয়াল আসনামি। ওয়া আ'লা আলিহী ওয়া আসহাবিহীন নুজাবাইল বারারাতিল কিরাম।

ওয়া বা'দা হাযা ফালগারাদ্বু ফী হাযাল কিতাবি যিকরুস্সালাতি আ'লান নাবিয়্যি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ওয়া ফাদ্বাইলুহা নাযকুরুহা মাহফূযাতাল আসানীদি লিইয়াসহুলা হিফযুহা আ'লাল ক্বারিই ওয়া হিয়া মিন আহাম্মিল মুহিম্মাতি লিমান ইউরিদু কুরবা মির রাব্বিল আরবাব। ওয়া সাম্মাইতুহু বিকিতাবি দালায়িলুল খায়রাতি ওয়া শাওয়ারিক্বিল আনওয়ারি ফী যিকরিস সালাতি আ'লান নাবিয়্যিল মুখতার।

অর্থ ঃ আর তাঁহার প্রতি আমার দুরূদ শরীফকে তাঁহার জন্য নূরে পরিণত কর, যেই নূর হইবে খুবই জোতির্ময়, পূর্ণ পরিণত, পবিত্র, পবিত্রতা অর্জনকারী, যেই নূর হইবে সকল জুলুম-অত্যাচার, আঁধার, সন্দেহ এবং শিরক-কুফর , মিথ্যা, ধোকা ও গুনাহ দূরীভূতকারী, আর এই দুরূদ শরীফকে আন্তরিকতা অর্জন এবং মর্যাদা উন্নয়নের কারণ হিসাবে গ্রহণ কর। যাহাতে করিয়া আমি এই দুরূদ শরীফের বরকতে আন্তরিকতা এবং বৈশিষ্ট্যের এমনি উচ্চ মর্যাদায় পৌছাইতে পারি যেন আমার মধ্যে তুমি ভিন্ন অপরের জন্য ইবাদত করিবার দোষ অবশিষ্ট না থাকে। আর আমি যেন তোমার মহান দরবারের উপযুক্ত হই, আর আমি যেন তোমার খাছ বান্দাদের অন্তর্ভুক্ত হই, আর আমি যেন সুদৃঢ়ভাবে প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদবের রক্ষাকারী হই। তাঁহার প্রতি দুরূদ ও সালাম। আর আমি যেন তাঁহার দরবার হইতে সর্বদা সাহায্যপ্রাপ্ত হই। হে আল্লাহ! হে নূর! হে হক! হে মুবীন! (৩ বার) আল্লাহ পাকের নামে আরম্ভ করিতেছি, যিনি অত্যন্ত দয়াবান, অতিশয় মেহেরবান। আল্লাহ পাক রহমত নাযিল করুন আমাদের সরদার হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর এবং তাঁহার আল-আওলাদগণের উপর ও তাঁহার সাহাবায়ে কিরামগণের উপর, আল্লাহ পাক সালাম প্রেরণ করুন তাঁহার উপর। সমস্ত প্রশংসা সেই আল্লাহ পাকের জন্য যিনি ঈমান লাভের জন্য এবং ইসলাম কবুল করিবার জন্য আমাদিগকে মূর্তি পূজা হইতে নাজাত দান করিয়াছেন। সেই মূর্তি আকৃতিরই হউক বা অন্য কোন আকৃতিরই হউক। আর দুরূদ ও সালাম হুযুরে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আল-আওলাদ এবং আসহাবের প্রতিও, যাঁহারা নির্বাচিত, মনোনীত, পছন্দনীয়, নেককার। আর হামদ ও নাতের পর বক্তব্য হইতেছে এই যে, এই কিতাবের উদ্দেশ্য হইল হযরত রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর প্রতি দুরূদ শরীফের আলোচনা। তাঁহার

ফজীলত ও মহব্বত বর্ণনা করা। এই দুরূদ শরীফসমূহের সনদসমূহ উল্লেখ করা হইবে না, যাহাতে করিয়া পাঠকের পক্ষে তাহা কণ্ঠস্থ করা সহজ হয়, আর এই দুরূদসমূহ মহত্তর উদ্দেশ্যসমূহের অন্যতম, সেই ব্যক্তির জন্য যে রাব্বুল আলামীনের নৈকট্য লাভের প্রয়াসী হয়। আর এই কিতাবের নামকরণ করিয়াছি দালায়েলুল খায়রাত ওয়া শাওয়ারেকুল আনওয়ার ফি যিকরিস সালাতে আলাননাবিয়্যিল মোখতার।

اِبْتِغَاءَ لِمَرْضَاتِ اللّٰهِ تَعَالٰى وَمَحَبَّةً فِىْ رَسُوْلِهِ الْكَرِيْمِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْلِيْمًا- وَاللّٰهُ الْمَسْئُوْلُ اَنْ يَّجْعَلَنَا لِسُنَّتِهِ مِنَ التَّابِعِيْنَ- وَلِذَاتِهِ الْكَامِلَةِ مِنَ الْمُحِبِّيْنَ- فَاِنَّهٗ عَلٰى ذَالِكَ قَدِيْرٌ- لَآ اِلٰهَ غَيْرُهٗ وَلَا خَيْرَ اِلَّا خَيْرُهٗ- وَهُوَ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ- وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِىِّ الْعَظِيْمِ-

فَصْلٌ فِىْ فَضْلِ الصَّلٰوةِ عَلَى النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

قَالَ اللّٰهُ تَبَارَكَ وَتَعَالٰى اِنَّ اللّٰهَ وَ مَلَائِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِىِّ يَا اَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا-

لَبَّيْكَ وَيُرْوٰى اَنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ جَاءَ ذَاتَ يَوْمٍ وَالْبُشْرٰى تُرٰى فِىْ وَجْهِهٖ فَقَالَ اِنَّهٗ جَاءَنِىْ جِبْرِيْلُ عَلَيْهِ السَّلَامُ فَقَالَ لِىْ اَمَا تَرْضٰى يَا

سَيِّدِنَا مُحَمَّدُ اَنْ لَّا يُصَلِّىَ عَلَيْكَ اَحَدٌ مِّنْ اُمَّتِكَ اِلَّا صَلَّيْتُ عَلَيْهِ عَشْرًا

উচ্চারণ ঃ ইবতিগায়াল লিমারদ্বাতিল্লাহি তায়ালা ওয়া মাহাব্বাতান ফী রাসূলিহিল কারীমি সাইয়্যিদিনা মুহাম্মাদিন সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তাসলিমান। ওয়াল্লাহুল মাসউলু আইঁইয়াজআলানা লিসুন্নাতিহী মিনাত তাবিঈন। ওয়ালি যাতিহিল কামিলাতি মিনাল মুহিব্বীন। ফাইন্নাহু আ'লা যালিকা ক্বাদিরুন। লা ইলাহা গাইরুহু ওয়ালা খাইরা ইল্লা খাইরুহু। ওয়া হুয়া নি'মাল মাওলা ওয়া নি'মান নাসীর। ওয়ালা হাওলা ওয়ালা কুওয়্যাতা ইল্লা বিল্লাহিল আলিয়্যিল আযীম।

ফাসলুন ফী ফাদ্বলিস-সালাতি আ'লান নাবিয়্যি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।

ক্বালাল্লাহু আযযা ওয়া জাল্লা-ইন্নাল্লাহা ওয়া মালাইকাতাহু ইয়ুসাল্লুনা আ'লান নাবিয়্যি। ইয়া আইয়্যুহাল্লাযীনা আমানূ সাল্লু আলাইহি ওয়া সাল্লিমূ তাসলীমা।

ওয়া ইয়ুরা আন্না রাসূলাল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা জাআ যাতা ইয়াওমিওঁ ওয়ালবুশরা তুরা ফী ওয়াজহিহী ফাক্বালা ইন্নাহু জাআনী জিবরিলু আলাইহিস সালামু ফাক্বালা লী আমা তারদ্বা ইয়া মুহাম্মাদু আল-লা ইউসাল্লিয়া আলাইকা আহাদুম্মিন উম্মাতিকা ইল্লা সাল্লাইতা আলাইহি আশরা।

অর্থ ঃ এক আল্লাহ পাকের সন্তুষ্টি লাভ করিবার জন্য এবং হযরত মুহাম্মাদ (সাঃ)-এর মোহাব্বতেই এই রচনার অবতারণা। আর আল্লাহ পারেক মহান দরবারেই আমাদের মুনাজাত যেন তিনি আমাদিগকে হযরত রাসূলে পাক (সাঃ)-এর অনুসারিদের অন্তর্ভুক্ত করেন। আর সেই পবিত্র মহান রাসূলে মকবূল (সাঃ)-এর আশেকানদের মধ্যে গণ্য করেন।

আর আল্লাহ রাব্বুল আলামীন এই মুনাজাত কবুল করিতে সম্পূর্ণ সক্ষম। আল্লাহ পাক ব্যতীত কোন মাবুদ নাই, আল্লাহ পাকের তরফ ব্যতীত কোন কল্যাণ নাই এবং তিনিই উত্তম মালিক, উত্তম সাহায্যকারী।

আর গুনাহ হইতে বাঁচিবার ও নেক কাজ করিবার কোন শক্তি নাই, সেই আল্লাহ পাকের তাওফিক ব্যতীত- যিনি মহান, যিনি শ্রেষ্ঠতম।

নবী করীম (সাঃ)-এর প্রতি দুরূদ শরীফ পাঠের ফজীলত

আল্লাহ পাক ইরশাদ করিয়াছেন- নিশ্চয় আল্লাহ পাক ও তাঁহার ফিরিশ্‌তাগণ দুরূদ পেশ করেন নবীয়ে পাক (সাঃ)-এর উপর, হে মুমিনগণ! তোমরাও তাঁহার প্রতি দুরূদ ও সালাম পেশ কর। এই আদেশ পালনের জন্য আমরা হাযির। আর বর্ণিত আছে যে, একদিন হযরত রাসূলে পাক (সাঃ) তাশরিফ আনেন, তখন তাঁহার চেহারা মুবারকে খুশির ভাব পরিলক্ষিত হইতেছিল, তিনি ইরশাদ করিলেন-

এই মাত্র হযরত জিবরাইল (আঃ) আসিয়াছিলেন, তিনি বলিলেন, হে হযরত মুহাম্মদ (সাঃ) ! আপনি কি আল্লাহ পাকের এই কথার উপর সন্তুষ্ট নহেন যে, কোন লোক আপনার প্রতি একবার দুরূদ শরীফ পাঠ করিলে আল্লাহ পাক তাহার উপর দশটি রহমত নাযিল করিবেন

وَلَا يُسَلِّمُ عَلَيْكَ اَحَدٌ مِّنْ اُمَّتِكَ اِلَّا سَلَّمْتُ عَلَيْهِ عَشْرًا-وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اِنَّ اَوْلَى النَّاسِ بِىْ اَكْثَرُهُمْ عَلَىَّ صَلٰوةً-وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ صَلّٰى عَلَىَّ صَلَّتْ عَلَيْهِ الْمَلَائِكَةُ مَا دَامَ يُصَلِّىْ عَلَىَّ فَلْيُقِلَّ عِنْدَ ذٰلِكَ اَوْلِيُكْثِرْ-وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ بِحَسْبِ الْمَرْءِ مِنَ الْبُخْلِ اَنْ اُذْكَرَ عِنْدَهٗ وَلَا يُصَلِّىْ عَلَىَّ-وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَكْثِرُوا الصَّلٰوةَ عَلَىَّ يَوْمَ الْجُمُعَةِ- وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ صَلّٰى عَلَىَّ مِنْ اُمَّتِىْ مَرَّةً وَّاحِدَةً كُتِبَتْ لَهٗ عَشْرُ حَسَنَاتٍ وَّمُحِيَتْ عَنْهُ عَشْرُ سَيِّاٰتٍ. وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ قَالَ حِيْنَ يَسْمَعُ الْاَذَانَ وَالْاِقَامَةَ -اَللّٰهُمَّ رَبَّ هٰذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلٰوةِ الْقَائِمَةِ اٰتِ مُحَمَّدَنِ

الْوَسِيْلَةَ وَالْفَضِيْلَةَ وَالدَّرَجَةَ الرَّفِيْعَةَ وَابْعَثْهُ مَقَامًا مَّحْمُوْدَنِ الَّذِىْ وَعَدْتَّهٗ حَلَّتْ لَهٗ شَفَاعَتِىْ يَوْمَ الْقِيٰمَةِ-وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ صَلّٰى عَلَىَّ فِىْ كِتَابٍ لَّمْ تَزَلِ الْمَلَائِكَةُ تُصَلِّىْ عَلَيْهِ مَا دَامَ اِسْمِىْ فِىْ ذٰلِكَ الْكِتَابِ ۝

উচ্চারণ ঃ ওয়ালা ইউসাল্লিমু আলাইকা আহাদুম্মিন উম্মাতিকা ইল্লা সাল্লামতা আলাইহি আশরা। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ইন্না আওলান্নাসি বী আকছারুহুম আলাইয়্যা সালাতান। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা মান সাল্লা আলাইয়্যা সাল্লাত আলাইহিল মালাইকাতু মা দামা ইউসাল্লী আলাইয়্যা ফাল ইয়ুকাল্লিল ইনদা যালিকা আও লিইয়ুকছির।

ওয়া ক্বালা রাসূলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বিহাসবিল মারই মিনাল বুখলি আন উযকুরা ইনদাহু ওয়ালা ইয়ুসাল্লী আলাইয়্যা। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা আকছিরুস সালাতা আলাইয়্যা ইয়াওমাল জুমুআতি, ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা মান সাল্লা আলাইয়্যা মিন উম্মাতী মাররাতান ওয়াহিদাতান কুতিবাত লাহু আশরু হাসানাতিন ওয়া মুহিয়াত আনহু আশরু সাইয়্যিআতিন। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা মান ক্বালা হীনা ইয়াসমাউ-। আযানা ওয়ালা ইক্বামাতা -আল্লাহুম্মা রাব্বা হাযিহিদ দাওয়াতিত তাম্মাতি ওয়াস সালাতিল ক্বায়িমাতি আতি মুহাম্মাদানিল ওয়াসীলাতা ওয়াল ফাদ্বীলাতা ওয়াদ্দারজাতার রাফীআতা ওয়াবআছহু মাকামাম মাহমূদানিল্লাযী ওয়া আত্তাহু হাল্লাত লাহু শাফাআতী ইয়াওমাল ক্বিয়ামাতি। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মান সাল্লা আলাইয়্যা ফী কিতাবিল লাম তাযালিল মালাইকাতু তুসাল্লী আলাইহি মা দামা ইসমী ফী যালিকাল কিতাব।

অর্থ ঃ আর আপনার উম্মতের কোন লোক আপনার প্রতি একবার সালাম পেশ করিলে স্বয়ং আল্লাহ পাক তাহার প্রতি দশটি সালাম প্রেরণ করেন। হযরত রাসূলে পাক (সাঃ) ইরশাদ করিয়াছেন ঃ নিশ্চয়ই সেই ব্যক্তিই আমার সবচাইতে নিকটতম হইবে যে আমার প্রতি সবচাইতে অধিকতর দুরূদ শরীফ পাঠ করিবে।

পিয়ারা নবী হযরত রাসূলে মকবুল (সাঃ) ইরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি আমার প্রতি দুরূদ শরীফ প্রেরণ করে, আল্লাহ তায়ালার ফেরেশতাগণ সেই পর্যন্ত তাহার প্রতি দুরূদ প্রেরণ করিতে থাকেন, যেই পর্যন্ত সে দুরূদে নিয়োজিত থাকে, এখন তাহার ইচ্ছা, সে বেশি দুরূদ পেশ করুক অথবা কম।

হযরত রাসূলে করীম (সাঃ) ইরশাদ করিয়াছেন ঃ ইহা মানুষের বখিলি যে, তাহার নিকটে আমার উল্লেখ হইবে আর সে আমার উপর দুরূদ পাঠ করিবে না।

প্রিয়নবী হযরত রাসূলে করীম (সাঃ) আরও ইরশাদ করিয়াছেন ঃ আমার প্রতি জুমুআর দিন অধিক পরিমাণে দুরূদ শরীফ পাঠ কর।

নবী করীম (সাঃ) আরও ইরশাদ করিয়াছেন ঃ আমার উম্মতের মধ্যে কেহ যদি একবার দুরূদ শরীফ পাঠ করে, তাহার জন্য দশটি নেকী লিপিবদ্ধ হইবে এবং দশটি গুনাহ মাফ হইবে।

প্রিয়নবী হযরত রাসূলে করীম (সাঃ) ইরশাদ করিয়াছেন ঃ যে কেহ যখন আযান শ্রবণ করে ও ইকামত শ্রবণ করিবার পর পাঠ করে–

اَللّٰهُمَّ رَبَّ هٰذِهِ...الخ

তাহার জন্য আমার শাফায়াত ওয়াজিব হইবে। হযরত রাসূলে পাক (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি আমার প্রতি দুরূদ প্রেরণ করিবে কোন গ্রন্থে তাহার প্রতি ফেরেশতাগণ দুরূদ প্রেরণ করিতে থাকিবে যতদিন সেই গ্রন্থে আমার নাম থাকিবে।

وَقَالَ اَبُوْ سُلَيْمَانَ الدَّارَانِىُّ مَنْ اَرَادَ اَنْ يَّسْئَلَ اللّٰهَ حَاجَتَهٗ فَلْيُكْثِرْ بِالصَّلٰوةِ عَلَى النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ يَسْئَلُ اللّٰهَ حَاجَتَهٗ وَلْيَخْتِمْ بِالصَّلٰوةِ عَلَى النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاِنَّ اللّٰهَ يَقْبَلُ الصَّلٰوتَيْنِ وَهُوَ اَكْرَمُ مِنْ اَنْ يَّدَعَ مَا بَيْنَهُمَا.

وَعَنْهُ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهٗ قَالَ مَنْ صَلّٰى عَلَىَّ يَوْمَ الْجُمُعَةِ مِائَةَ مَرَّةٍ غُفِرَتْ لَهٗ خَطِيْئَةُ ثَمَانِيْنَ سَنَةً.

وَعَنْ اَبِىْ هُرَيْرَةَ رَضِىَ اللّٰهُ عَنْهُ اَنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِلْمُصَلِّىْ عَلَىَّ نُوْرٌ عَلَى الصِّرَاطِ وَمَنْ كَانَ عَلَى الصِّرَاطِ مِنْ اَهْلِ النُّوْرِ لَمْ يَكُنْ مِّنْ اَهْلِ النَّارِ–وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ نَسِىَ الصَّلٰوةَ عَلَىَّ فَقَدْ اَخْطَاطَرِيْقَ الْجَنَّةِ وَاِنَّمَا اَرَادَ بِالنِّسْيَانِ التَّرْكَ وَاِذَا كَانَ التَّارِكُ يُخْطِىءُ طَرِيْقَ الْجَنَّةِ كَانَ الْمُصَلِّىْ عَلَيْهِ سَالِكًا اِلَى الْجَنَّةِ–وَفِىْ رِوَايَةِ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ عَوْفٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ جَاءَنِىْ جِبْرِيْلُ عَلَيْهِ السَّلَامُ فَقَالَ يَا مُحَمَّدُ لَا يُصَلِّىْ عَلَيْكَ اَحَدٌ مِّنْ اُمَّتِكَ اِلَّا صَلّٰى عَلَيْهِ سَبْعُوْنَ اَلْفَ مَلَكٍ . وَمَنْ صَلَّتْ عَلَيْهِ الْمَلَائِكَةُ كَانَ مِنْ اَهْلِ الْجَنَّةِ. وَقَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَكْثَرُكُمْ عَلَىَّ صَلٰوةً اَكْثَرُكُمْ اَزْوَاجًا فِى الْجَنَّةِ. وَرُوِىَ عَنْهُ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهٗ قَالَ مَنْ صَلّٰى عَلَىَّ صَلٰوةً تَعْظِيْمًا لِحَقِّىْ خَلَقَ اللّٰهُ عَزَّ وَجَلَّ مِنْ ذٰلِكَ الْقَوْلِ مَلَكًا لَّهٗ جَنَاحٌ بِالْمَشْرِقِ وَالْاٰخَرُ بِالْمَغْرِبِ وَرِجْلَاهُ مَقْرُوْرَتَانِ فِى الْاَرْضِ السَّابِعَةِ السُّفْلٰى وَعُنُقُهٗ مُلْتَوِيَةٌ تَحْتَ الْعَرْشِ يَقُوْلُ اللّٰهُ عَزَّوَجَلَّ لَهٗ صَلِّ عَلٰى عَبْدِىْ كَمَا صَلّٰى عَلٰى نَبِىِّ فَهُوَ

يُصَلِّيْ عَلَيْهِ إِلَى يَوْمِ الْقِيٰمَةِ. وَرُوِىَ عَنْهُ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ لَيَرِدَنَّ عَلَى الْحَوْضِ يَوْمَ الْقِيٰمَةِ أَقْوَامٌ مَا أَعْرِفُهُمْ إِلَّا بِكَثْرَةِ الصَّلٰوةِ عَلَيَّ.

উচ্চারণ ঃ ওয়া ক্বালা আবু সুলাইমানাদ্দারানিয়্যু মান আরাদা আই ইয়ুসআলাল্লাহা হাজাতাহু ফালইয়ুকছির বিসসালাতি আলান্নাবিয়্যি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছুম্মা ইয়াসআলুল্লাহা হাজাতাহু ওয়াল ইয়াখতিম বিসসালাতি আলান্নাবিয়্যি সাল্লল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ফাইন্নাল্লাহা ইয়াকবালুস সালাতাইনি ওয়া হুওয়া আকরামু মিন আই ইয়াদাআ মা বাইনাহুমা।

ওয়া রুয়িয়া আনহু সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা আন্নাহু ক্বালা মান সাল্লা আলাইয়্যা ইয়াওমাল জুমুআতি মিয়াতা মাররাতিন গুফিরাত লাহু খাতীয়াতু সামানীনা সানাতান।

ওয়া আন আবী হুরাইরাতা (রাঃ) আন্না রাসূলাল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ক্বালা লিল মুসাল্লী আলাইয়্যা নূরুন আলাস সিরাতি ওয়ামান কানা আলাস সিরাতি মিন আহলিন্নুরি লাম ইয়াকুন মিন আহলি ন্নারি। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা মান নাছিয়াস সালাতা আলাইয়্যা ফাক্বাদ আখত্বা ত্বারিক্বাল জান্নাতি। ওয়া ইন্নামা আরাদা বিন নিসইয়ানিত তারকা ওয়া ইযা কানাত তারিকু ইয়ুখত্বিউ ত্বারিক্বাল জান্নাতি কানাল মুসাল্লী আলাইহি সালিকান ইলাল জান্নাতি। ওয়া ফী রিওয়ায়াতি আবদির রাহমানিবনি আওফিন (রাঃ) ক্বালা ক্বালা রাসূলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা জাআনী জিবরীলু (আঃ) ফাক্বালা ইয়া মুহাম্মদু লা ইয়ুসাল্লি আলাইকা আহাদুম মিন উম্মাতিকা ইল্লা সাল্লা আলাইহি সাবউনা আলফা মালাকিন। ওয়া মান সাল্লাত আলাইহিল মালাইকাতু কানা মিন আহলিল জান্নাতি। ওয়া ক্বালা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা আকছারুহুম আলাইয়্যা সালাতান আকছারুহুম আজওয়াযান ফিল জান্নাতি। ওয়া রুয়িয়া আনহু সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা আন্নাহু ক্বালা মান সাল্লা আলাইয়্যা সালাতান তা'যীমান লিহাক্কি খালাক্বাল্লাহু আযযা ওয়া জাল্লা মিন যালিকাল কাউলি মালাকাল লাহু জানাহুন বিলমাশরিক্বি ওয়াল আখারু বিলমাগরিবি ওয়া রিজলাহু মাক্বরুরাতানি ফিল আরদ্বিস সাবিআতিস সুফলা ওয়া উনুকুহু মুলতাবিয়াতুন তাহতাল আরশি, ইয়াকুলুল্লাহু আযযা ওয়া জাল্লা লাহু

সাল্লি আলা আবদী কামা সাল্লা আলা নাবিয়্যি ফাহুওয়া ইয়ুসাল্লী আলাইহি ইলা ইয়াওমিল ক্বিয়ামাতি। ওয়া রুয়িয়া আনহু সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা আন্নাহু ক্বালা লাইয়ারিদান্না আলাইয়্যাল হাওদ্বা ইয়াওমাল ক্বিয়ামাতি আকওয়ামু মা আ'রিফুহুম ইল্লা বিকাসরাতিস সালাতি আলাইয়্যা।

অর্থ ঃ আর আবু সুলাইমান দারানী (রহঃ) বলিয়াছেনঃ যেই ব্যক্তি মহান আল্লাহ পাকের দরবারে কোন বিষয়ের জন্য আরজি পেশ করিতে চাহে, তাহার উচিত হযরত রাসূলে পাক (সাঃ)-এর প্রতি অধিক পরিমাণে দুরূদ শরীফ পাঠ করা। ইহার পর তাহার আরজি পেশ করিবে এবং পুনরায় মুনাজাত শেষ করিয়া পিয়ারা নবী হযরত রাসূলে পাক (সাঃ)-এর প্রতি দুরূদ পেশ করিবে। এই কথা সুনিশ্চিত যে, মহান আল্লাহ পাক উভয় বারের দুরূদ শরীফ অবশ্যই কবুল করিবেন। আর তিনি এত দয়াবান ও এত মেহেরবান যে, তিনি দুই বারের দুরূদ শরীফ কবুল করে উহার মাঝখানের দোয়া কবুল করিবেন না। ইহা হইতে পারে না।

হুযুরে আকরাম (সাঃ)-এর আর একখানি হাদীসে বর্ণিত আছে, তিনি ইরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি আমার উপর জুমুআর দিন একশত বার দুরূদ শরীফ পাঠ করিবে, তাহার ৮০ বছরের গুনাহ মাফ করা হইবে।

হযরত আবু হুরায়রা (রাঃ) হইতে বর্ণিত হাদীসে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) ইরশাদ করিয়াছেন ঃ আমার প্রতি দুরূদ প্রেরণকারী ব্যক্তি পুলসিরাতে নূর প্রাপ্ত হইবে। আর যেই ব্যক্তি নূর প্রাপ্ত ব্যক্তিগণের আওতাভুক্ত হইবে সে কখনো জাহান্নামে যাইবে না।

হযরত রাসূলে করীম (সাঃ) আরও ইরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি আমার প্রতি দুরূদ পাঠ করিতে ভুলিয়া যায়, সে জান্নাতের পথ ভুলিয়া যাইবে।

এই হাদীসে দুরূদ শরীফের কথা ভুলিয়া যাওয়ার অর্থ হইল দুরূদ শরীফ পাঠ করিদে ভুলিয়া যাওয়া। আর দুরূদ শরীফ পাঠ পরিত্যাগকারী যখন জান্নাতের পথ ভুলিয়া যায়, তখন যেই ব্যক্তি দুরূদ শরীফের পাঠক হইবে সে অবশ্যই জান্নাতের পথের পথিক হইবে।

আর একখানি হাদীসে বর্ণিত আছে হযরত আবদুর রহমান বিন আওফ (রাঃ) হইতে, ইহাতে প্রিয়নবী হযরত রাসূলে পাক (সাঃ) ইরশাদ করিয়াছেনঃ আমার নিকটে হযরত জিবরাইল (আঃ) আসিয়া বলিলেন, হে মুহাম্মদ (সাঃ)! আপনার

উম্মতের কোন লোক যদি আপনার উপর দুরূদ শরীফ পেশ করে তবে তাহার প্রতি ৭০ হাজার ফেরেশতা দুরূদ শরীফ প্রেরণ করেন। আর যাহার প্রতি ফেরেশতাগণ দুরূদ প্রেরণ করেন সে বেহেশবাসীদের অন্তর্ভুক্ত হইবে।

আরও একখানা হাদীসে প্রিয়নবী হযরত রাসূলে পাক (সাঃ) ইরশাদ করিয়াছেনঃ তোমাদের মধ্যে যেই ব্যক্তি আমার প্রতি বেশি পরিমাণে দুরূদ শরীফ প্রেরণকারী হইবে, বেহেশতে তাহার জীবনসঙ্গীও হইবে অধিক।

